



## স্থানীয় সরকার নির্বাচন এককভাবে করবে এনসিপি



ছবি: সংগৃহীত

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে জোটগত নয়, নিজস্ব প্রতীকে ও সাংগঠনিক শক্তির ওপর ভর করেই মাঠে নামার পরিকল্পনা করছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির শীর্ষ নেতারা জানিয়েছেন, এককভাবে নির্বাচনে অংশ নেওয়ার বিষয়ে তারা প্রস্তুতি এগিয়ে নিচ্ছেন।

দলটির মুখ্য সংগঠক সারজিস আলম বলেন, সংসদ নির্বাচনের পর এনসিপির সাংগঠনিক কার্যক্রম আরও জোরদার করা হয়েছে। যেসব এলাকায় এখনো কমিটি গঠন হয়নি, সেখানে নতুন কমিটি দেওয়া হচ্ছে। পাশাপাশি বিদ্যমান কমিটিগুলোর কার্যক্রমও পর্যালোচনা করা হচ্ছে।

তিনি আরও বলেন, এককভাবে নির্বাচনে অংশ নিলে দলের সাংগঠনিক ভিত্তি আরও বিস্তৃত হবে এবং তৃণমূল পর্যায়ে রাজনৈতিক কার্যক্রম বাড়বে। তবে ভোট বিভাজনের কারণে কিছু ক্ষেত্রে নির্বাচনী ক্ষতির আশঙ্কাও উড়িয়ে দেওয়া যায় না।

এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে দলটি নিজস্ব প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। তবে নির্বাচনের সময়সূচি ও কাঠামো নিয়ে এখনো স্পষ্টতা না থাকায় সম্ভাব্য জোট নিয়ে কোনো আনুষ্ঠানিক আলোচনা হয়নি।

তিনি আরও বলেন, সাংগঠনিক সম্প্রসারণের ক্ষেত্রে দল সতর্ক অবস্থানে রয়েছে। রাজনৈতিকভাবে পরিচিত অনেক ব্যক্তি যোগাযোগ করলেও দলের ভাবমূর্তি ও নীতির সঙ্গে সামঞ্জস্য বিবেচনা করেই নতুন সদস্য বা নেতাদের গ্রহণ করা হচ্ছে।

সংসদ নির্বাচনে অংশ নেওয়ার পর এনসিপি এখন তৃণমূল পর্যায়ে সংগঠন শক্তিশালী করার দিকে বেশি গুরুত্ব দিচ্ছে বলেও জানান দলটির নেতারা।